

BACHELOR OF ARTS EXAMINATION, 2022

(3<sup>rd</sup> Year, 6<sup>th</sup> Semester)

COMPARATIVE LITERATURE

Course: CBCS/CL/CORE/UG/6.1A

(Adhunik Bangla Sahitya-II)

Time: 2 Hours

Full Marks: 30

Answer either in English or in Bengali  
All questions carry equal marks

১। ক) "বাড়ি থেকে পালিয়ে" উপন্যাসটিতে মা ও ছেলের সম্পর্ক যেভাবে নির্মিত হয়েছে, রূপকথার আদ্যরূপের কোনো সূত্র কি তার মধ্যে খুঁজে পাওয়া যায়? স্বদেশিয়ানার সঙ্গে কীজাতীয় সম্পর্ক এই আদ্যরূপের সূত্রে গড়ে ওঠে? আলোচনা করো।

অথবা,

খ) মধ্যবিত্ত ভদ্রলোকের নগরমুখী যাত্রার যে ধারা বাংলা শিশুকিশোর উপন্যাসের ক্ষেত্রে দেখা যায়, শিবরাম চক্রবর্তীর "বাড়ি থেকে পালিয়ে" উপন্যাসটি সেই ধারার সঙ্গে কীভাবে সম্পর্কিত? আলোচনা করো।

২। ক) শিল্পরূপের বিচারে শেষের কবিতা এবং পথের পাঁচালী দুই বিপরীত প্রবণতাকে বিস্তৃত করে—এই মতের সপক্ষে অথবা বিপক্ষে যুক্তি পেশ করো।

অথবা,

খ) মানিক বন্দ্যোপাধ্যায় তাঁর সাহিত্য জীবনের প্রথমার্ধে যে ফ্রয়েডীয় চেতনাকে তাঁর সাহিত্যে প্রাধান্য দিয়েছেন, তারই প্রতিফলন ঘটেছে 'প্রাগৈতিহাসিক' গল্পে— আলোচনা কর।

৩। ক) রবীন্দ্রানুসারী কবিসমাজ গড়ে ওঠার পেছনে "রবীন্দ্রনাথ ও উত্তরসাধক" প্রবন্ধে বুদ্ধদেব বসু যে যুক্তি দিয়েছেন, তাতে প্রতিভাকে একটি স্বয়ম্ভু ও অমোঘ রাশি হিসেবে ধরে নিয়েছেন তিনি, তার আর্থসামাজিক ও রাজনৈতিক প্রেক্ষিতকে উপেক্ষা করেছেন। এই মন্তব্যের সঙ্গে কি সহমত হওয়া চলে? আলোচনা করো।

অথবা,

খ) "কাব্যের মুক্তি" প্রবন্ধে সুধীন্দ্রনাথ দত্ত মুক্তি ও বন্দীত্বের ধারণাকে ব্যবহার করেও শেষতক এক বৃহত্তর অভিজাত গণ্ডীর মধ্যে থেকেই আধুনিক কবিতাকে বুঝতে চেয়েছেন। এর সঙ্গে কি সহমত হওয়া চলে? আলোচনা করো।